আজকের কাগজ

তারিখ 08 APR 1993
পৃষ্ঠা ২ কলাম ৪

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রধানমন্ত্রী

# দেশের ভবিষ্যতকে সন্ত্রাসীদের হাতে জিম্মি হতে দিতে পারি না

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফরেস্ট্রি কমপ্লেক্সের উদ্বোধন করে বলেছেন, মুষ্টিমেয় কিছু সন্ত্রাসীদের হাতে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ বিঘ্ন হতে দিতে পারি না। গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় নিশ্চয়ই তাদের জানার অধিকার রয়েছে। আমি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের স্বায়ত্তশাসনের ক্ষেত্রে হস্তক্ষেপ করার ইচ্ছে আমার সরকারের নেই। সন্ত্রাস দমন করতে না পারলে শিক্ষার উন্নতি হবে না। নিশ্চিত হবে না শিক্ষার সুস্বাস্থ্য। আমরা শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত রাখার দৃঢ় প্রত্যয় ঘোষণা করেছি। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সব ধরনের সহযোগিতা প্রদান করা হবে। নির্দেশ দেয়া হয়েছে কঠোর হস্তে সন্ত্রাস দমনের। আমরা কোনো অবস্থাতেই দেশের ভবিষ্যতকে সন্ত্রাসের হাতে জিম্মি হতে দিতে পারি না। এ ব্যাপারে সকল রাজনৈতিক দল বিশেষ করে শিক্ষক সমাজকে এগিয়ে আসতে হবে।

স্বাগত ভাষণে উপাচার্য আর আই চৌধুরী বলেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা মূল পরিকল্পনার চেয়ে বহুগুণ বৃদ্ধি পাওয়ায় এবং নতুন নতুন বিভাগ খোলার কারণে শ্রেণীকক্ষ এবং শিক্ষকদের জন্যে কক্ষ বরাদ্দ সমস্যা বর্তমানে অত্যন্ত প্রকটরূপ ধারণ করেছে। এ সমস্যার আংশিক সমাধানকল্পে অন্তত ২টি নতুন অনুষদ ভবন নির্মাণ জরুরিভিত্তিতে প্রয়োজন। তিনি চট্টগ্রাম শহরে একটি "ছাত্র-শিক্ষক কেন্দ্র" গড়ে তোলার ওপরে গুরুত্বারোপ করেন। বিশ্ববিদ্যালয় রেল লাইনটি ফ্যাকাল্টি ভবন এলাকা পর্যন্ত সম্প্রসারিত করার জন্যে প্রধানমন্ত্রী ও যোগাযোগ মন্ত্রীর কাছে আহ্বান জানান।

সেচ ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রী মাজেদুল হক, যোগাযোগ মন্ত্রী কর্নেল অলি আহমেদ, পূর্ত মন্ত্রী ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়াসহ স্থানীয় বিভিন্ন রাজনৈতিক দলের নেতাগণ উপস্থিত ছিলেন। এর আগে প্রধানমন্ত্রী একটি ছাত্রী নিবাসের ভিত্তি প্রস্তর স্থাপন করেন।

প্রধানমন্ত্রীর এ আগমন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের সকল অনুষ্ঠান শিক্ষক সমিতি, চাকসু ও সর্বদলীয় ছাত্রঐক্য (ছাত্র দল ছাড়া) বর্জন করে এবং তারা প্রধানমন্ত্রীকে কালো পতাকাও প্রদর্শন করে। সর্বদলীয় ছাত্রঐক্যের কর্মীরা ১নং গেটের কাছে সকাল থেকে মুখে কালো রুমাল বেঁধে ও হাতে কালো পতাকা নিয়ে বিক্ষোভ প্রদর্শন করে। এ বিক্ষোভ প্রধানমন্ত্রী ক্যাম্পাসে অবস্থান পর্যন্ত চলে। অপরদিকে সর্বদলীয় ছাত্রঐক্যের ছাত্রী কর্মীরা শামসুন্নাহার হলের ছাদে ওঠে বেশ কয়েকটি বড় কালো পতাকা প্রধানমন্ত্রী ছাত্রী হলের ভিত্তিপ্রস্তর স্থাপন করতে গেলে প্রদর্শন করে। চট্টগ্রাম প্রতিনিধির ফোন